



## ঢাকায় কূটনীতিকদের নিয়ে প্রধানমন্ত্রীর ইফতার আয়োজন



সংগৃহীত ছবি

ঢাকায় নিযুক্ত বিভিন্ন দেশের কূটনীতিকদের সম্মানে ইফতার আয়োজন করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান।

গুৱেবার (৬ মার্চ) রাজধানীর রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় অনুষ্ঠিত এ আয়োজনে দেশের রাজনৈতিক ও কূটনৈতিক অঙ্গনের গুরুত্বপূর্ণ ব্যক্তির অংশ নেন। বিএনপির ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক বিবৃতিতে বিষয়টি জানানো হয়েছে।

ইফতারে প্রধানমন্ত্রীর সঙ্গে উপস্থিত ছিলেন ডা. জুবাইদা রহমান ও ব্যারিস্টার জাইমা রহমান। এছাড়া ঢাকায় দায়িত্ব পালনরত বিভিন্ন দেশের রাষ্ট্রদূত, হাইকমিশনার এবং কূটনৈতিক মিশনের প্রতিনিধিরাও অনুষ্ঠানে অংশ নেন।

অনুষ্ঠানে বাংলাদেশ ও সংশ্লিষ্ট দেশগুলোর মধ্যে বিদ্যমান কূটনৈতিক সম্পর্ক, পারস্পরিক সহযোগিতা এবং বন্ধুত্বপূর্ণ যোগাযোগ আরও জোরদারের বিষয়েও আলোচনা হয়।

LENS ASIA